

পুরানো সেই দিনের কথা ভুলবি কি রে হয় ।  
ও সেই চোখের দেখা, প্রাণের কথা, সে কি ভোলা যায় ।  
আয় আর-একটিবার আয় রে সখা, প্রাণের মাঝে আয় ।  
মোরা সুখের দুখের কথা কব, প্রাণ জুড়াবে তায় ।  
মোরা ভোরের বেলা ফুল তুলেছি, দুলেছি দোলায়—  
বাজিয়ে বাঁশি গান গেয়েছি বকুলের তলায় ।  
হায় মাঝে হল ছাড়াছাড়ি, গেলেন কে কোথায়—  
আবার দেখা যদি হল, সখা, প্রাণের মাঝে আয় ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Ektaal (3-3), Raag: Mishra Bhupali  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail